# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**প্রধান কার্যালয়, রাজশাহী**

**ঋণ ও অগ্রিম বিভাগ-২**

প্রকা/ঋওঅবি-২(৬৮)/পরিপত্র নং-০২/২০১৬ তারিখ : ০৬.০৯.২০১৬

সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

**বিষয়: North West Crop Diversification Project (NCDP) এবং বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়নের আওতায় অন্যান্য ঋণ কর্মসূচির ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ ঋণের সুদহার প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে এই বিভাগ থেকে ০২.০৫.২০১৬ তারিখে জারীকৃত প্রকা/ঋওঅবি-২(৬৮)/পরিপত্র নং-০১/২০১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। এডিবি'র অর্থায়নে বিগত ২০০১ সালে North West Crop Diversification Project (NCDP) এর কার্যক্রম শুরুর পর ২০০২ সাল থেকে অংশগ্রহণকারী ৪ টি এনজিও'র (ব্র্যাক, প্রশিকা, আরডিআরএস এবং জিকেএফ) অনুকূলে ঋণ বিতরণ করা হচ্ছে। কর্মসূচিটির আওতায় বাংলাদেশ ব্যাংক ও রাকাব এবং অংশগ্রহণকারী এনজিওদের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক এনজিওদের অনুকূলে ২০ মাস মেয়াদে ৬% সরল সুদে ঋণ বিতরণ করা হয়। উল্লেখ্য, এডিবি'র অর্থায়নকৃত অর্থ বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্তি সাপেক্ষে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ পূর্বক এনজিও ভিত্তিক ঋণের অর্থ বিভাজন ও মঞ্জুরি দেয়া হয়। কর্মসূচির আওতায় অংশগ্রহণকারী এনজিওদের মধ্যে কোন কোন এনজিও'র ঋণের কিস্তি মেয়াদোত্তীর্ণ ও শ্রেণীবিন্যাসিত হয়ে পড়েছে। প্রসংগত উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক হতে এনসিডিপি'র আওতায় রাকাব এর অনুকূলে ২৪ মাস মেয়াদে ঋণের অর্থ মঞ্জুর করা হয়ে থাকে। ঋণের অর্থ প্রদানের ২৪ মাস পর বাংলাদেশ ব্যাংক কর্তৃক রাকাব এর নিকট থেকে সমুদয় ঋণের অর্থ ৩.৫% সুদসহ আদায় করে নেয়া হয়। ফলে রাকাব কর্তৃক এনজিওকে ঋণ প্রদানের ২৪ মাসের মধ্যে এনজিও যদি রাকাব-কে ঋণ পরিশোধ না করে সেক্ষেত্রে অনাদায়ী ঋণ স্থিতি রাকাবের নিজস্ব তহবিল থেকে বিনিয়োগে পরিণত হয়। ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক এর অর্থ সুদসহ পরিশোধের পরেও অনাদায়ী ঋণের উপর ৬% হারে সুদারোপ অব্যাহত রাখা ব্যাংকের Cost Of Fund বিবেচনায় যৌক্তিক হয় না বিবেচনায় পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে গত ০২.০৫.২০১৬ তারিখে ঋণ ও অগ্রিম বিভাগ-২ হতে পরিপত্র নম্বর ০১/২০১৬ জারী করা হয়।

০৩। উপরোল্লিখিত বিষয়ে ২১.০৭.২০১৬ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদের ৪৪৪তম সভায় বিষয়টি বিশদভাবে পর্যালোচনান্তে North West Crop Diversification Project (NCDP) এর আওতায় মেয়াদোত্তীর্ণ ঋণের সুদ হারের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয় ঃ

"এনসিডিপি'র আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও রাকাব এর মধ্যে সম্পাদিত সাবসিডিয়ারী লোন এগ্রিমেন্ট এবং রাকাব ও এনজিওদের মধ্যে সম্পাদিত সাব-লোন এগ্রিমেন্টে প্রদত্ত ঋণ বিতরণের ২৪ মাসের পরবর্তী সময়ে বিতরণকৃত ঋণের অনাদায়ী ঋণ স্থিতির উপর ব্যাংকের শস্য ঋণের প্রচলিত সুদহার (বর্তমানে ১১%) প্রযোজ্য হবে মর্মে কোন শর্তের উল্লেখ না থাকায় রিভলভিং ফান্ডের ২৩ তম কিস্তি পর্যন্ত ৬% সুদে ঋণ মঞ্জুরিপত্র রাকাব কর্তৃক ইস্যু করা হয়েছে। চুক্তিপত্র এবং ঋণ মঞ্জুরীপত্রের কোথাও অতিরিক্ত সময়ের জন্য ১১% সুদের উল্লেখ না থাকায় এনজিও সমূহ ২৩ তম কিস্তি পর্যন্ত অতিরিক্ত সময়ের জন্য ৬% এর অধিক সুদ প্রদানে অসম্মতি জানিয়েছে। এতদপ্রেক্ষিতে সকল এনজিও'র ক্ষেত্রে রিভলভিং ফান্ডের ২৩ তম কিস্তি পর্যন্ত ৬% হারে সুদসহ সমুদয় ঋণের অর্থ আদায় এবং ২৪ তম কিস্তি হতে ২৪ মাসের পরবর্তী সময়ে বিতরণকৃত ঋণের অনাদায়ী ঋণ স্থিতির উপর ব্যাংকের শস্য ঋণের প্রচলিত সুদহার (বর্তমানে ১১%) বহাল রাখার অনুমোদন দেয়া হলো।"

পরিচালনা পর্ষদের উপরোল্লিখিত অনুমোদনের প্রেক্ষিতে এনসিডিপি এর আওতায় ঋণ কার্যক্রম বাস্তবায়নে গত ০২.০৫.২০১৬ তারিখে জারীকৃত পরিপত্র নম্বর ০১/২০১৬ বাতিল পূর্বক নিম্নোক্ত নীতিমালা জারী করা হলোঃ

(০১) এনসিডিপি এর আওতায় রিভলভিং ফান্ডের ২৩ তম কিস্তি পর্যন্ত বিতরণকৃত ঋণের বিপরীতে সর্বদা ৬% সুদহার প্রযোজ্য হবে।

(০২) এনসিডিপি এর আওতায় রিভলভিং ফান্ডের ২৪ তম কিস্তি হতে বিতরণকৃত ঋণের সুদহার ঋণ প্রদানের তারিখ থেকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণের কিস্তি কর্তক করার দিন পর্যন্ত অর্থাৎ ঋণ প্রদানের তারিখ হতে ২৪ মাস পর্যন্ত ৬% সুদহার প্রযোজ্য হবে।

(০৩) এনসিডিপি এর আওতায় রিভলভিং ফান্ডের ২৪ তম কিস্তি হতে এনজিও সমূহ যদি ঋণ প্রদানের ২৪ মাসের মধ্যে সুদ আসলে ঋণ পরিশোধ না করে সেক্ষেত্রে ২৪ মাস পর হতে অনাদায়ী ঋণ স্থিতির উপর ব্যাংকের শস্য ঋণের প্রচলিত সুদহার (বর্তমানে ১১%) প্রযোজ্য হবে।

চলমান পাতা-২

(০৪) যদি কোন এনজিও নির্ধারিত সময়ের মধ্যে ঋণের সমুদয় অর্থ সুদসহ পরিশোধে ব্যর্থ হয় সেক্ষেত্রে শাখা কর্তৃক সুদহারের বিষয়টি সংশ্লিষ্ট এনজিও কে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে এবং পত্রের কপি ঋণ ও অগ্রিম বিভাগ-২ এ প্রদান করতে হবে।

(০৫) বর্ধিত সুদ হারের ভিত্তিতে নিরূপিত ঋণ স্থিতি ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট এনজিওকে এবং ঋণ ও অগ্রিম বিভাগ-২ কে অবহিত করতে হবে।

(০৬) সুদারোপের আলোচ্য বিষয়টি এখন হতে নতুন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ঋণ মঞ্জুরিপত্রে সংযোজন করতে হবে এবং

(০৭) এনসিডিপি ছাড়াও ব্যাংলাদেশ ব্যাংকের রিফাইন্যান্স কর্মসূচির আওতায় সময়াবদ্ধ পরিশোধ সূচির ভিত্তিতে প্রচলিত অন্যান্য খাত (ব্যাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন ঋণের আওতায় দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ঋণ, রেয়াতি সুদ হারে অন্যান্য খাত যেমন ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা খাতে প্রদত্ত ঋণ) সমূহের বিষয়েও একই ধরণের সিদ্ধান্ত কার্যকর হবে।

০৪। এমতাবস্থায়, এখন থেকে North West Crop Diversification Project (NCDP) এবং ব্যাংলাদেশ ব্যাংকের রিফাইন্যান্স কর্মসূচির আওতায় প্রচলিত অন্যান্য খাতে বিতরণকৃত ঋণের ক্ষেত্রে উপরোল্লিখিত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

Rahman ০৬/৯/১৬
(মোঃ সাইদুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
টেলিফোন ঃ ০৭২১-৮৬২৪৬২

প্রকা/ঋওঅবি-২/(৬৮)/২০১৬-২০১৭/৫৭ (৭৪)

তারিখ ঃ ০৬.০৯.২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, নিরীক্ষা, হিসাব ও আদায়/পরিচালন/প্রশাসন মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের ষ্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী / রংপুর ।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। উপমহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক। **(জোনের আওতাধীন সকল শাখায় পরিপত্রের কপি প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)**
০৯।প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১৩। অফিস নথি/মহানথি।

০৬/০৯/২০১৬
(শওকত শহীদুল ইসলাম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা